



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১১২

দুর্নীতির বিরুদ্ধে আমাদেরকে সোচ্চার হতে হবে

- পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ২৪ অগ্রহায়ণ (০৯ ডিসেম্বর):

দুর্নীতির বিরুদ্ধে সবাইকে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি। আজ শুক্রবার (০৯ ডিসেম্বর) সকালে বাঘা উপজেলা পরিষদ মিলনায়তনে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-২০২২ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান।

শাহরিয়ার আলম বলেন, কোনো অসত্য ও অবৈধ কিছু করা-ই হলো দুর্নীতি। দুর্নীতি বিশ্বের সকল দেশের মধ্যে দূরবস্থা তৈরি করেছে। আমরা ২০২২ সালে এসেও বুকে হাত রেখে বলতে পারব না যে, আমরা কেউ একটাও দুর্নীতি করিনি- এটা থামাতে হবে। সমাজ থেকে দুর্নীতি নির্মূল করতে হলে এর বিরুদ্ধে আমাদেরকে সোচ্চার হতে হবে। সবাইকেই সতর্ক থাকতে হবে, দুর্নীতিকে প্রশ্রয় দেয়া যাবে না।

দুর্নীতি করা মানে আরেকজনের হক নষ্ট করা যা কোনো ধর্মই সমর্থন করে না তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, দুর্নীতি হচ্ছে এটা জেনে যদি কেউ সোচ্চার না হয়, প্রতিবাদ না করে এর ফলে সে যেমন নিজের ক্ষতি করেছে, তেমনি সমাজেরও ক্ষতি করেছে, দেশেরও ক্ষতি হচ্ছে। সেজন্য দুর্নীতির বিরুদ্ধে আমাদের সবাইকে সচেতন হওয়া দরকার।

দেশ সম্পূর্ণরূপে দুর্নীতিমুক্ত হলে প্রবৃদ্ধি আরও বৃদ্ধি পাবে মন্তব্য করে তিনি বলেন, করোনাকালে যেখানে অনেক বড় বড় দেশের অর্থনীতির ভঙ্গুর অবস্থা সৃষ্টি হয়েছে, সেখানে আমরা এগিয়ে যাচ্ছি। আমাদের প্রবৃদ্ধি থেমে থাকেনি। করোনাকালে কিছুটা কম হলেও আবার বাড়া শুরু করেছে।

শিক্ষকদের উদ্দেশ্যে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, শ্রেণিকক্ষে ফাঁকি দেয়া, নির্ধারিত সময়ের চেয়ে কম সময়ে ক্লাশ নেয়াও এক ধরনের দুর্নীতি- এটা থেকে আপনারা মুক্ত থাকবেন। শিক্ষাপ্রতিষ্ঠানে ছেলেমেয়েরা সহজ-সরল পথে চলতে চায়। তাদের নৈতিকতা শিক্ষা দেবেন, ছেলেমেয়েরা যেন আপনাদের কাছ থেকে ভালো শিক্ষা গ্রহণ করতে পারে।

অনুষ্ঠানে বাঘা উপজেলা নির্বাহী অফিসার শারমিন আজারের সভাপতিত্বে উপজেলা চেয়ারম্যান অ্যাড. মোঃ লায়ের উদ্দীন লাভলু, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা-কর্মচারী, ব্যবসায়ী, রাজনীতিক, শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

এর আগে বাঘা উপজেলা পরিষদ চত্বরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-২০২২ উপলক্ষে এক র্যালি বের করা হয়।

.....

তৌহিদ/সিকান্দার/রুলুল/২০২২/১৫.০০ঘ.